



জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর-১৭০৪

স্মারক নং-জাতীঃ বিঃ/পনিঃ/মাফাঃ/২০৮৬

তারিখঃ ০৯/০৪/২০১৭

**২০১৪ সালের মাস্টার্স ফাইনাল পরীক্ষার প্রবেশপত্র
ডাউনলোড, প্রিন্ট ও বিতরণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ সালের মাস্টার্স শেষ পর্ব নিয়মিত ও প্রাইভেট (নতুন সিলেবাস) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থীদের প্রবেশপত্র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সংশ্লিষ্ট সকল কলেজের বিষয়ওয়ারী পরীক্ষার্থীদের প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিয়ে নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি আইকা আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ও অধ্যক্ষের নির্ধারিত স্থানে স্বাক্ষর ও সীল দিয়ে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে। এছাড়া এতদসঙ্গে সংশ্লিষ্ট কলেজের বিষয়ওয়ারী কেন্দ্র বিবরণীও ডাউনলোড করা যাবে।

প্রবেশপত্র ও কেন্দ্র বিবরণী ডাউনলোড ও প্রিন্ট করার নিয়মঃ

- ১। http://www.nubd.info/mf/index_exm.php অথবা <http://www.nubd.info/admit/login.php> লিংকের কলেজ লগ-ইন করে প্রবেশপত্র ও কেন্দ্র বিবরণী ডাউনলোড করা যাবে।
- ২। এ বছর পরীক্ষার্থীকে পরীক্ষা কোড, পরীক্ষার রোল, রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড খাতায় বৃত্ত ভরাট করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

এখানে উল্লেখ্য যে, যদি কোন বৈধ পরীক্ষার্থীর প্রবেশপত্র না পাওয়া যায় তাহলে যথাযথ প্রমাণপত্রসহ সংশ্লিষ্ট পরীক্ষা বিভাগে যোগাযোগ করা যেতে পারে। রেজিস্ট্রেশন কার্ড অনুযায়ী প্রবেশপত্রে নাম, রেজিঃ নম্বর, পত্রকোড ইত্যাদিতে কোন গড়মিল পরিলক্ষিত হলে তা পরীক্ষা শুরুর পূর্বেই সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে সংশোধন করে নিতে হবে। সংশোধন ব্যতিরেকে প্রবেশপত্রে উল্লিখিত পত্র ছাড়া অন্যকোন পত্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে।

বিঃদ্র: মাস্টার্স ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক অনিয়মিত/অকৃতকার্য/মান উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার সময়সূচী ও অন্যান্য তথ্যাদি পরবর্তীতে সংশ্লিষ্টদের জানানো হবে।


(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোনঃ ০২-৯২৯১০১৭ ফ্যাক্সঃ ০২-৯২৯১০৪৪
ই-মেইলঃ controller@nu.edu.bd